

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং ৫৮.০৪.০০০০.০২৪.০২.০০১.২০২৪- ২৬৬

তারিখঃ ০৬ বৈশাখ, ১৪৩১
২৬ এপ্রিল, ২০২৪

বিজ্ঞপ্তি

কারা অধিদপ্তরের 'কারারক্ষী ও মহিলা কারারক্ষী' পদে শারীরিক যোগ্যতা যাচাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষা আগামী ১৯.০৪.২০২৪ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় ঢাকার নিম্নে উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অনুষ্ঠিত হবে।


শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নামঃ

- ক. আজিমপুর গভর্নমেন্ট গার্লস স্কুল এন্ড কলেজ, ঢাকা।
- খ. আনোয়ারা বেগম মুসলিম বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, ঢাকা।
- গ. ইন্জিনিয়ারিং ইউনিভারসিটি স্কুল এন্ড কলেজ, ঢাকা।
- ঘ. আরমানিটোলা সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা।
- ঙ. আনন্দময়ী বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা।

লিখিত পরীক্ষার এডমিট কার্ড http://prison.teletalk.com.bd/prison_new/admitcard/ থেকে প্রিন্ট করে (রজিন কপি) সাথে নিয়ে এডমিট কার্ডে উল্লিখিত পরীক্ষাকেন্দ্রে নিম্নবর্ণিত শর্তাধীনে উপস্থিত থাকতে অনুরোধ করা হলো।

শর্তসমূহঃ

- ১। পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীকে হলে প্রবেশ করতে হবে;
- ২। লিখিত পরীক্ষার এডমিট কার্ডের প্রিন্টেড (রজিন) কপি সাথে রাখতে হবে। এডমিট কার্ড ব্যতীত কেউ পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না;
- ৩। জাতীয় পরিচয় পত্রের রজিন কপি/জাতীয় পরিচয়পত্র প্রাপ্তির অনলাইন আবেদনের কপি সাথে রাখতে হবে;
- ৪। পরীক্ষার হলে পরীক্ষার্থীরা ব্যাগ, ক্যালকুলেটর, মোবাইল ফোন, ব্লু-টুথ এবং টেলিযোগাযোগ করা যায় এরূপ কোন ইলেক্ট্রনিক ডিভাইস/যন্ত্রসহ প্রবেশ করতে পারবে না;
- ৫। পরীক্ষা শুরু হওয়ার পর কোন প্রার্থী হলে প্রবেশ করতে পারবে না;
- ৬। পরীক্ষা শেষে হলের সকল পরীক্ষার্থীদের নিকট থেকে উত্তরপত্র গ্রহণ না করা পর্যন্ত কোন পরীক্ষার্থী আসন ত্যাগ করতে পারবে না।


১৯/০৪/২৪
মোঃ মাইন উদ্দিন ভূইয়ান

সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)

ও

সদস্য সচিব

কারা অধিদপ্তরের কারারক্ষী ও মহিলা কারারক্ষী
নিয়োগ কমিটি

ভারপ্রাপ্ত কর্মকর্তা
আইসিটি সেল
কারা অধিদপ্তর, ঢাকা

বিজ্ঞপ্তিটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য
অনুরোধ করা হলো।

অনুলিপি জ্ঞাতার্থে:

- ১। সহকারী মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
- ২। কারা মহাপরিদর্শক/ অতিরিক্ত কারা মহাপরিদর্শক, কারা উপমহাপরিদর্শক (সঃদ) এর ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা, মহোদয়গণের সদয় অবগতির জন্য।